উঠতে পেরেছিলাম।' যদিও যুক্তরাষ্ট্রের উন্নত সামাজিক প্রেক্ষাপটে আপাতঃ দৃষ্টিতে নারী অধিকারের প্রশ্নে মেয়েরা যথেষ্ট সচেতন, অনেকেই গৃহকোণ থেকে বেরিয়ে আসছেন, যোগ দিচ্ছেন কর্মক্ষেত্রে। অথচ বাস্তবে দেখা যাচ্ছে নানা রকম অসামঞ্জস্যতা। মেয়েদের ৮০%ই নিয়োজিত রয়েছে নানা ধরণের মেয়েলী (সেলসগার্ল, সেক্রেটারী, ওয়েট্রেইস, বেবীসিটার, ইত্যাদি) কাজে। তাছাড়া গড় হিসেবে তারা পুরুষ সহকর্মীদের চেয়ে আয়ও করছেন কম। এ প্রেক্ষাপটে কমপিউটারের মত সম্পূর্ণ প্রযুক্তিভিত্তিক একটি ব্যবসাক্ষেত্রে মেয়েরা কি ধরণের সমঅধিকার অর্জনে সক্ষম হয়েছে এ ব্যাপারে ক্যারল বার্টজ বলেন, 'যুক্তরাষ্ট্রে সুনির্দিষ্ট পরিসংখ্যানের ভিত্তিতে আমি দেখেছি যে, মেয়েদেরকে গণিত ও বিজ্ঞানের প্রতি নানাভাবে নিরুৎসাহিত করা হয়। সৌভাগ্যবশতঃ আমি এ বিষয়দুটোতে বেশ ভাল ফল করি এবং আমার পরিবার থেকেও কোন রকম প্রতিকূলতার সৃষ্টি করা হয়নি। কিন্তু দুর্ভাগ্যজনক ব্যাপারটি হল যে, বেশীরভাগ মেয়েরাই স্কুল ও পরিবার থেকে নানা প্রতিবন্ধকতার মুখোমুখি হচ্ছে। ছোট ছোট ছেলেরা তাদের সমবয়সী মেয়েদের চেয়ে বেশ কিছুটা উন্নত প্রকৃতির হয়ে থাকে। আমার মনে হয় এটি একটি বড় ধরণের সমস্যা। আমার মেয়ের ক্ষেত্রে দেখেছি ওর ক্লাসরুমে সব ব্যাপারেই ছেলেরা আগে আগে থাকতে চায়। ফলে আগ্রহ থাকা সত্তেও তাকে পিছিয়ে আসতে হয়। এ পরিস্থিতিতে স্বভাবতই তার আত্মপ্রত্যয় কখনোই গড়ে উঠতে পারছে না। প্রতিটি ক্ষেত্রেই তাকে একই ঘটনার সম্মুখীন হতে হচ্ছে। এককথায়, এভাবে মেয়েদের নিজেদের মধ্যেই আত্মনির্ভরতার চেতনাটি দুর্বল হয়ে পড়ে, নিজের সামর্থ্য সম্পর্কে তার নিজের মধ্যেই সন্দেহ গড়ে উঠে। তাছাড়া স্কুলগুলোতে মহিলা শিক্ষার্থীরাও মেয়েদেরকে এমন একটা ধারণা দেন যেন, এসব ব্যাপারে মেয়েদের গৌন থাকাটাই স্বাভাবিক। "স্পষ্টত" মেয়েদের এধরণের মানসিকতার প্রভাব বিভিন্নভাবে নারী অধিকারের প্রশ্নটিতে নেতিবাচক ভূমিকা রেখে থাকে। মেয়েদের নিজেদের মাঝেই রয়েছে অনাকাংখিত দ্বিধা-দ্বন্দ্ব। যুক্তরাষ্ট্রের সচেতন নারীদের মাঝে এই মতদ্বৈততার দৃষ্টান্ত প্রকট হয়ে উঠেছে সম্প্রতি মেয়েদের মাঝে পরিচালিত এক জরীপে (দ্রষ্টব্য ঃ সারণী - ১)। মাত্র কয়েকটি গুরুত্বপূর্ণ প্রশ্নে প্রাপ্ত মতামতের পর্যালোচনায় দেখা যায় যে, মেয়েরা প্রতিটি প্রশ্নেই নিরঙ্কুশ ঐক্যমতে পৌঁছাতে ব্যর্থ হয়েছে। ব্যাপারটি এখন এমন দাঁড়িয়েছে যে, নারীদেরকে তাদের মানসিক সংস্কারকে চূর্ন করে সঠিক লক্ষ্যে ইতিবাচক সচেতনতার দিকে অগ্রসর হতে হবে। নতুবা পুরুষের কাছ থেকে তারা যত রকমের ছাড়ই আদায় করুক না কেন প্রকৃত নারী স্বাধীনতার সুফল পাওয়া যাবে না। ক্যারলের মতে ঃ "আমি অনেক মেয়েকে বোঝাতে চেষ্টা করেছি যে, যদি আমাদের নিজেদের আচরণেই প্রচলিত অসাম্যতাকে স্বীকার করে নেয়ার মতো কোন পরিস্থিতি প্রকাশ পায় তবে পশ্চাৎপদতার অন্ধকার বৃত্তেই নারীকে আবদ্ধ থাকতে হবে। অনেকেই বিরাজমান ব্যবস্থাকে অনেকটা অপরিবর্তনীয় হিসেবে মনে করে এক ধরণের পূর্ব আরোপিত ধারণা লালন করে চলেছেন এবং বিদ্যমান কাঠামোর পুণর্বিণ্যাসের ব্যাপারে আগ্রহ হারিয়ে ফেলেছেন। আমি যদিও কঠোর নারীবাদী নই তবুও বলব যে ধারণাটি ভুল ; মেয়েদেরকে ঐক্যবদ্ধ উপলব্ধিতে উপনীত হতে হবে, পরস্পরের মাঝে সহাযোগিতার হাত বাড়িয়ে দিতে হবে।" ✻

**সারণী - ১**

প্রশ্ন নং ১ ঃ ১৯৭০ সালের পর থেকে ১৯৯০ সাল পর্যন্ত মেয়েদের সামগ্রিক সামাজিক অবস্থানের কতটুকু পরিবর্তন হয়েছে?

| | |
|---|---|
| উন্নতি - | ৩৬% |
| অপরিবর্তিত - | ২০% |
| অবনতি - | ৪৪% |

প্রশ্ন নং ২ ঃ কোন ভূমিকায় আপনি অধিকতর সামাজিক সুবিধা পেতেন বলে মনে করেন?

| | |
|---|---|
| পুরুষ - | ৪৪% |
| নারী - | ১০% |
| উভয়ই সমান - | ৪৬% |

প্রশ্ন নং ৩ ঃ যদি স্ত্রী হঠাৎ দূরবর্তী কোন শহরে মোটা বেতনের চাকুরীর সুযোগ পান তবে কি করণীয়?

| | |
|---|---|
| সুযোগটি উপেক্ষা করা উচিৎ - | ৪২% |
| স্বামীর উচিৎ ত্যাগ স্বীকার করে স্ত্রীর সাথে থাকা - | ২৯% |
| স্বামী-স্ত্রী আলাদা বাস করা উচিৎ - | ৬% |
| কোন মন্তব্য নেই - | ২৩% |


শিক্ষার্থীদের কমপিউটারে দক্ষ করে তুলতে

**কমপিউটার জগৎ প্রকাশনার বইসমূহ**

✻ ডস সহায়িকা ✻ লোটাস সহায়িকা ✻ উইন্ডোজ সহায়িকা
✻ ওয়ার্ডপারফেক্ট সহায়িকা ✻ ডিবেজ সহায়িকা ✻ পিসি ট্রাবল শুটিং
✻ ওয়ার্ড পারফেক্ট সহায়িকা ✻ বিবিধ সহায়িকা



WE REPAIR
HARD DISKS
386 // 286 // XTs // ATs
FLOPPY DRIVES, MONITORS
SMPS, UPS
KEYBOARDS
PRINTERS

DETU

DETOSEARCH

Dhanmondi-6, Road-27 (Old), Dhaka-1209, Phone-817214
Mirpur-10-B, Avenue-1, Plot-3, Dhaka-1221, Phone-802458

DETOSEARCH provides full component level repair facilities for systems and peripherals. Original spares and components are available for all leading brands. Our expert engineers diagnose and repair quickly efficiently and inexpensively.

We also offer an exclusive facility for annual maintenance contract with / without all risk factor.